

34972 - হজ্জের হুকুম

প্রশ্ন

হজ্জের হুকুম কি? যে ব্যক্তি হজ্জের ফরজিয়তকে অস্বীকার করেন তার হুকুম কি?

প্রিয় উত্তর

হজ্জ ইসলামের অন্যতম একটি বুনিয়াদ। যে ব্যক্তির কাছে হজ্জের বিধান বর্ণনা করার পরেও সে হজ্জকে অস্বীকার করবে অথবা অপছন্দ করবে সে কাফের। তাকে তওবার আহ্বান জানানো হবে। তওবানা করলে তাকে হত্যা করা হবে। সক্ষম ব্যক্তির উপর অনতিবিলম্বে হজ্জ আদায় করা ফরজ। দলিল হচ্ছে আল্লাহর বাণী:

وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا

(অর্থ- “আর এ ঘরের হজ্জ করা হলো মানুষের উপর আল্লাহর প্রাপ্য; যে লোকেরসামর্থ্য রয়েছে এ পর্যন্ত পৌঁছার। আর যে লোক তা অস্বীকার করেআল্লাহ সারাবিশ্বের কোন কিছুই মুখাপেক্ষী নন)[সূরা আলে-ইমরান, আয়াত: ৯৭]

আল্লাহই ভাল জানেন।